

No.F.12 (2)-DEE/MCC/2015/ 4892-96

Agartala 26<sup>th</sup> May 2016.

বিজ্ঞপ্তি

বিষয়: ন্যাশনাল কেরিয়ার সার্ভিস পোর্টালে রেজিস্ট্রেশন করার জন্য আবেদন।

আপনি কি কোনও কাজ খুঁজছেন? বা কোনও লোক খুঁজছেন, আপনার সংস্থায় কাজের জন্য, তাহলে ভারত সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের দ্বারা পরিচালিত ন্যাশনাল কেরিয়ার সার্ভিস পোর্টালে গিয়ে আপনার নাম নথিভুক্ত করুন। এটা এমন একটি পোর্টাল যার মধ্যে আপনি যেকোন ধরনের কাজের সন্ধান ও বিভিন্ন কেরিয়ার সংক্রান্ত খবর পাবেন। রাজ্যের সমস্ত কর্মপ্রার্থী যারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ নাম নথিভুক্ত করেছেন বা করেন নাই তারা সবাই এই পোর্টালে গিয়ে নিজেদের নাম কর্মপ্রার্থী (Job Seeker) হিসাবে নথিভুক্ত করতে পারেন।

যারা বিভিন্ন স্থানীয় পরিষেবা প্রদান করেন যেমন (1) Child Care Taker (2) Beautician (3) Carpenter (4) Construction Labour (5) Cook (6) Driver (7) Electrician (8) Gardener (9) Garment Tailor (10) Maid / House Keeping (11) Nurse (12) Plumber (13) Security Guard (14) Teacher তারা সবাই 'Local Service Provider' হিসাবে নথিভুক্ত করতে পারেন। উপরিউক্ত ১৪টি পরিষেবা যাদের দরকার তারাও 'Household user' হিসাবে তাদের নাম নথিভুক্ত করতে পারেন।

বিভিন্ন বেসরকারী সংস্থা, যাদের সংস্থায় বিভিন্ন পদে লোক কর্মরত এবং যাদের বিভিন্ন সময়ে বিভিন্ন পদে লোকের প্রয়োজন, তারাও এই পোর্টালে PAN / AADHAR সহ সংস্থার নাম 'Employer' হিসাবে নথিভুক্ত করতে পারেন।

এছাড়া Skill Provider: সঠিক প্রার্থীদের প্রশিক্ষণ দেওয়ার জন্য, Counsellor: কর্মপ্রার্থীদের সঠিক পরামর্শ দেওয়ার জন্য, Placement Organization: উপযুক্ত কর্মপ্রার্থীকে কাজ এবং বিভিন্ন সংস্থায় উপযুক্ত লোক নিয়োগ করার জন্য এবং Government Department: তাদের দপ্তরের বিভিন্ন vacancy notify করার জন্য এই পোর্টালে নাম নথিভুক্ত করতে পারেন।

পোর্টালে রেজিস্ট্রেশনের জন্য PAN / AADHAR number বাধ্যতামূলক। রেজিস্ট্রেশন সংক্রান্ত বা অন্য যেকোন প্রয়োজনে প্রতি মঙ্গল থেকে রবিবার সকাল ৮টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত Toll free no. 1800-425-1514 তে যোগাযোগ করা যেতে পারে।

ন্যাশনাল কেরিয়ার সার্ভিস এর বিভিন্ন সুযোগসুবিধা প্রদানের উদ্দেশ্যে আমাদের রাজ্যেও একটি মডেল কেরিয়ার সেন্টার খোলা হয়েছে। রেজিস্ট্রেশন বা যেকোনও সমস্যা এবং বিশদ বিবরণের জন্য মডেল কেরিয়ার সেন্টার, অফিস লেন, ডিষ্ট্রিক্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ, আগরতলা স্থিত কার্যালয়ে যোগাযোগ করার জন্য আবেদন জানানো যাচ্ছে।

  
(B. Debbarma, IAS)

Director

Employment Services &  
Manpower Planning Tripura